দৈনিক
ইত্তেফাক

তারিখ 08 APR 2017
পৃষ্ঠা ৬ কলাম ৬

জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা

# জিপিএ-৫ পাওয়ার পাশাপাশি ভালো মানুষ হওয়া গুরুত্বপূর্ণ

— ড. জাফর ইকবাল

■ ইত্তেফাক রিপোর্ট

জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০১৭ এর সমাপনী অনুষ্ঠানে বক্তারা বলেছেন, আমরা যদি আগামী দিনগুলোতে এই কার্যক্রমকে আরো বড় আকারে সারাদেশে ছড়িয়ে দিতে পারি তা হলে পাঁচ বছরের মধ্যে আমাদের দেশে বিশ্বমানের প্রোগ্রামার তৈরির সংস্কৃতি আরো বিকশিত হবে।

গতকাল শুক্রবার কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশে (কেআইবি) তৃতীয় বারের মতো আয়োজিত 'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৭' এর চূড়ান্ত জাতীয় পর্বে বক্তারা এ সব কথা বলেন। সারা দেশে মোট ১৯টি আঞ্চলিক পর্বের ১ হাজার ২০০ জন বিজয়ী শিক্ষার্থীদের নিয়ে এই জাতীয় পর্বের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা দুই ক্যাটাগরিতে মোট ১১০ জনকে বিজয়ী ঘোষণা করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। বিশেষ অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অতিরিক্ত সচিব মোঃ হারুনুর রশিদ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল, বুয়েটের অধ্যাপক মোহাম্মদ কায়কোবাদ প্রমুখ।

ড. মুহম্মদ জাফর ইকবাল বলেন, তথ্য-প্রযুক্তির কল্যাণে পৃথিবী পরিবর্তন হচ্ছে। বর্তমানে প্রযুক্তি ব্যবহার করে ভালো করা অনেক সুযোগ রয়েছে। জিপিএ পাঁচ পাওয়ার পাশাপাশি ভালো মানুষ হওয়াও অনেক গুরুত্বপূর্ণ। এর আগে সকাল ৯টায় বেলুন উড়িয়ে প্রতিযোগিতার উদ্বোধন করেন প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। এ সময় তিনি অংশগ্রহণকারী শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, ২০০৯ সালে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে কাজ করছি। এ জন্য নানামুখী কার্যক্রম হাতে নেওয়া হচ্ছে; যার একটি হলো তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে দক্ষ জনগোষ্ঠী গড়ে তোলা। সে ধারাবাহিকতায় আয়োজন করা হয় প্রোগ্রামিং প্রতিযোগিতা।